

উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভা.ম/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১৪/১১/২০২১ খ্রিঃ।

নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের মধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।








(সেলিনা আক্তার)
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান..... ইউপি, ভালুকা, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

২৪/১১/২০২১ খ্রিঃ তারিখ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উপজেলা কমিটির সভায়
উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব সেলিনা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা।	সভাপতি	
০২	জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
০৩	চেয়ারম্যান ২নং মেদুয়ারী ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
০৪	চেয়ারম্যান ৪নং ধীতপুর ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য সচিব	

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৪/১১/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য সচিব কে ভালুকা উপজেলার মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, চলমান করোনা পরিস্থিতিতে সরকারী নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। এজন্য অত্র বিভাগের স্বাভাবিক কার্যক্রম আপতত বন্ধ রয়েছে। এখনও পর্যন্ত অত্র উপজেলায় কোন ছাত্র-ছাত্রী বা শিক্ষক করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে বলে সংবাদ পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা না পাওয়া পর্যন্ত সকল বিদ্যালয় বন্ধ থাকবে।	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে সকল জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।
২	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ইতিমধ্যে অনলাইন ক্লাস এবং অনলাইন মনিটরিং সিস্টেম চালু করা হচ্ছে। সভায় এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে সকল জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সেলিনা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ভালুকা।

তারিখঃ ২৪/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং-উপ.মা.শি./ভা.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।



উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ভালুকা, ময়মনসিংহ।